# “বাংলাদেশে গণমানুষের মাঝে কুরআন চর্চার চালচিত্র” শীর্ষক জরিপভিত্তিক গবেষণার ফলাফল উপস্থাপন

অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক
আরবি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৩১ মার্চ ২০২৩



কুরআন চর্চা কেন্দ্র

# কুরআন চর্চা কেন্দ্র


কুরআন চর্চা কেন্দ্র

- একটি কুরআন-ভিত্তিক প্রকাশনা ও দাওয়াহ সেন্টার
- উদ্দেশ্যঃ আল-কুরআনের সার্বজনীন রূপ সর্বসাধারণের নিকট তুলে ধরা
- কার্যক্রম ০১: কুরআনের শিক্ষা প্রচারের উদ্দেশ্যে তাফসীর, কুরআন-ভিত্তিক গল্প, প্রবন্ধ, ব্লগ, শিক্ষামূলক কন্টেন্ট/ভিডিও, ইত্যাদি প্রকাশ করা
- কার্যক্রম ০২: কুরআন ভিত্তিক বিভিন্ন গবেষণা কার্যক্রম পরিচালনা করা

© Templateswise.com

# গবেষণার উদ্দেশ্য

বাংলাদেশের মুসলিমদের কুরআনচর্চা সম্পর্কে ধারণা অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে উপাত্ত সংগ্রহ করা:



1. কত শতাংশ মুসলিম নিয়মিত/অনিয়মিত কুরআন পাঠ করেন?
2. কত শতাংশ মুসলিম কুরআন বুঝে পড়েন বা অর্থসহ কুরআন তেলাওয়াত করেন?
3. কুরআনের মর্মবাণী বা শিক্ষা নিজের জীবনে বাস্তবায়নের হার কেমন?
4. গবেষণার ফলাফল দাওয়াহ প্রতিষ্ঠান ও দাঈদেরকে সঠিক পদক্ষেপ গ্রহণে সহায়ক হবে।

কুরআন চর্চা কেন্দ্র

# জরিপ পদ্ধতি

1. মোট জনসংখ্যার আনুপাতিক হারে প্রতিটি বিভাগ হতে উত্তরদাতা (Respondent) নির্ধারণ

2. Random Sampling




3. জরিপকাজে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবক 100 জনের বেশি।

4. প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবকরা অংশগ্রহণকারীদের থেকে সরাসরি উত্তর সংগ্রহ করেন।

কুরআন চর্চা কেন্দ্র

# জরিপের সীমাবদ্ধতা



1. জরিপ পরিচালনাকারী স্বেচ্ছাসেবকরা ধার্মিক ছিলেন। তারা পরিচিতজন থেকে তথ্য সংগ্রহ করেছেন, এমনটি হওয়াই স্বাভাবিক, ফলে জরিপের সার্বজনীনতা ক্ষুণ্ণ হতে পারে।

2. নানা শ্রেণি-পেশার মানুষ জরিপে অংশগ্রহণ করেছেন। এমনটি হওয়া অস্বাভাবিক নয় যে, অপেক্ষাকৃত কম শিক্ষিত উত্তরদাতাগণ কোন কোন প্রশ্ন ভালোভাবে বুঝতে পারেননি।


3. ধর্মীয় বিষয়ে নেতিবাচক তথ্য প্রকাশ করতে অনেকে কুণ্ঠাবোধ করতে পারেন। ফলে গোপনীয়তা নিশ্চয়তা প্রদান সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে শতভাগ সঠিক চিত্র ওঠে নাও আসতে পারে

কুরআন চর্চা কেন্দ্র



# অংশগ্রহণকারীদের তথ্য (নারী-পুরুষ)

মোট অংশগ্রহণ কারী ৬২৪৭ জন। পুরুষ ৩৭৫৫ জন (৬০.১১%) নারী ২৪৯২ (৩৯.৮৯%) জন।





কুরআন চর্চা কেন্দ্র



# অংশগ্রহণকারীদের তথ্য (বয়সভিত্তিক)

৭০.১% অংশগ্রহণকারী ১৫-৪৫ বয়সী





কুরআন চর্চা কেন্দ্র



# অংশগ্রহণকারীদের তথ্য (বিভাগভিত্তিক)

জনসংখ্যার আনুপাতিক হারে প্রতিটি বিভাগ হতে উত্তরদাতা নির্ধারণ করা হয়েছে।





কুরআন চর্চা কেন্দ্র




# অংশগ্রহণকারীদের শিক্ষাগত যোগ্যতা

প্রাতিষ্ঠানিক শিক্ষাবিহীন ১৯.১%। অষ্টম শ্রেণি ২৫.১%। উচ্চ মাধ্যমিক ২৬.৯%। স্নাতক/স্নাতকোত্তর ২৮.২%।



# অংশগ্রহণকারীদের পেশা







কুরআন চর্চা কেন্দ্র

# জরিপের ফলাফল



# কুরআন পড়ার সক্ষমতা

**অংশগ্রহণকারীদের মাঝে প্রায় ৩১% মুসলিম কুরআন পড়তে পারেন না**




কুরআন চর্চা কেন্দ্র

# কুরআন পড়ার সক্ষমতা (নারী বনাম পুরুষ)

## পুরুষদের তুলনায় নারীদের কুরআন পড়ার সক্ষমতার হার বেশি

| জেন্ডার | কুরআন পড়তে পারেন না | কুরআন পড়তে পারেন |
|---|---|---|
| পুরুষ | ৩৭.৫৮% | ৬২.৪২% |
| নারী | ২০.৮৭% | ৭৯.১৩% |


- সকল বিভাগের অংশগ্রহণকারীদের মাঝে পুরুষের তুলনায় নারীদের কুরআন পড়ার সক্ষমতার হার বেশি।
- ব্যবসা ব্যতীত সকল পেশার অংশগ্রহণকারীদের মাঝে পুরুষের তুলনায় নারীদের কুরআন পড়ার সক্ষমতার হার বেশি।
- একমাত্র phd/postdoc ব্যতীত বাকি সকল শিক্ষাগত যোগ্যতার বিভাগে কুরআন পড়তে পারার সক্ষমতার দিক দিয়ে পুরুষের তুলনায় নারীরা এগিয়ে।

কুরআন চর্চা কেন্দ্র



# অংশগ্রহণকারীদের কুরআন পাঠের ফ্রিকোয়েন্সি

- মাত্র ১৯.৭% ব্যক্তি প্রতিদিন কুরআন পড়েন।
- শতকরা ৩৬.৮% ব্যক্তি একেবারেই কুরআন পড়েন না।





কুরআন চর্চা কেন্দ্র



# কুরআন খতম দেওয়া


যারা কুরআন পড়তে পারেন তাদের ৫৮% জীবনে অন্তত একবার কুরআন খতম দিয়েছেন




কুরআন চর্চা কেন্দ্র


# কুরআন খতম দেওয়ার স্থানিক প্রবণতা

- চট্টগ্রাম ও ঢাকা বিভাগের অংশগ্রহণকারীদের মাঝে কুরআন খতম করার প্রবণতা বেশি





কুরআন চর্চা কেন্দ্র

# নিয়মিত কুরআন পাঠ না করার কারণ



# অর্থসহ কুরআন তেলাওয়াতের হার


তিন চতুর্থাংশ অংশগ্রহণকারী অর্থসহ কুরআন তেলাওয়াত করেন না।




কুরআন চর্চা কেন্দ্র


# পুরো কুরআন অর্থসহ তেলাওয়াত

১৫.২% অংশগ্রহণকারী অন্তত একবার পুরো কুরআন অর্থসহ পড়েছেন।



# নিয়মিত কুরআন পাঠের সাথে অর্থসহ কুরআন পাঠের সম্পর্ক


- নিয়মিত কুরআন তেলাওয়াতকারীদের মাঝে অর্থসহ কুরআন অধ্যয়নের প্রবণতা বেশি




কুরআন চর্চা কেন্দ্র

# তাফসীরসহ কুরআন অধ্যয়নের চিত্র


মাত্র ৮.৯ ভাগ অংশগ্রহণকারী নিয়মিত তাফসীর পড়েন।




কুরআন চর্চা কেন্দ্র

# নিয়মিত কুরআন পাঠের সাথে তাফসীর অধ্যয়নের সম্পর্ক


যাদের নিয়মিত কুরআন পাঠের অভ্যাস আছে তাদের মাঝে তাফসীর অধ্যয়নের প্রবণতা বেশি





কুরআন চর্চা কেন্দ্র

# বাংলাদেশে কুরআনের চর্চা কম কেন?

প্রধান দু'টি কারণ: পাঠ্যবইয়ে গুরুত্বের সাথে অন্তর্ভুক্ত না থাকা
কুরআনের ভাষাজ্ঞান না থাকা




# পাঠ্যক্রমে কুরআন অধ্যয়ন কি বাধ্যতামূলক করা উচিত?




কুরআন চর্চা কেন্দ্র

# দৈনন্দিন জীবনে কুরআনের প্রায়োগিকতা

- ৯৬.৯ ভাগ অংশগ্রহণকারী মানুষের দৈনন্দিন জীবনে কুরআনের প্রায়োগিকতা আছে  বলে মনে করেন।



# জরিপের গুরুত্বপূর্ণ ফলাফল ও সুপারিশ

## গুরুত্বপূর্ণ ফলাফল

- জরিপে অংশগ্রহণকারীদের প্রায় ৩১% কুরআন পড়তে পারেন না।
- পুরুষদের তুলনায় নারীদের কুরআন পড়ার সক্ষমতার হার বেশি।
- যারা কুরআন পড়তে পারেন তাদের ৩৮% কুরআন পড়েন না বললেই চলে।
- নিয়মিত কুরআন না পড়ার প্রধান দু'টি কারণ: ক) পড়তে না জানা, খ) সময় না পাওয়া

কুরআন চর্চা কেন্দ্র

# জরিপের গুরুত্বপূর্ণ ফলাফল ও সুপারিশ

## গুরুত্বপূর্ণ ফলাফল

- ৭৫% অংশগ্রহণকারী অর্থসহ কুরআন পড়েন না।
- বাংলাদেশে কুরআন চর্চা কম হওয়ার প্রধান দু'টি কারণ:
  - ক. পাঠ্যপুস্তকে গুরুত্বের সাথে অন্তর্ভুক্ত না থাকা
  - খ. কুরআনের ভষাজ্ঞান (পড়তে জানা) না থাকা।
- প্রায় শতভাগ অংশগ্রহণকারী মনে করেন, সকল কুরআন অধ্যয়ন বাধ্যতামূলক করা উচিত।
- প্রায় মতভাগ অংশগ্রহণকারী মনে করেন, বাস্তব জীবনে কুরআনের প্রায়োগিকতা রয়েছে।

কুরআন চর্চা কেন্দ্র

# জরিপের গুরুত্বপূর্ণ ফলাফল ও সুপারিশ

## সুপারিশ

1. মূলধারার শিক্ষাক্রমে কুরআন শিক্ষা বাধ্যতামূলক করা উচিত।
2. শিক্ষাক্রমের নানা স্তরে পর্যায়ক্রমিক পাঠ-বণ্টনের মাধ্যমে কুরআন পড়া, অর্থসহ কুরআন পড়া ও কুরআনীয় আরবি শেখার মত বিষয়গুলো অন্তর্ভুক্ত করা।
3. শিক্ষাক্রমে কুরআন শিক্ষা বাধ্যতামূলক করার জন্য জনমত গঠন করা।
4. আদর্শ নাগরিক তৈরী ও শান্তিপূর্ণ সমাজ গড়ার ক্ষেত্রে কুরআনি শিক্ষার ভূমিকা নীতি-নির্ধারকদের সামনে তুলে ধরা

কুরআন চর্চা কেন্দ্র

# জরিপের গুরুত্বপূর্ণ ফলাফল ও সুপারিশ

## সুপারিশ

5. শিশুদের কুরআন শিক্ষার জন্য মক্তব বা সকালের পাঠশালার পুনরুজ্জীবন অপরিহার্য।
6. বেসরকারি পর্যায়ে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক উদ্যোগে কুরআন শিক্ষার প্রসারে পদক্ষেপ গ্রহণ করা।
7. জরিপে ওঠে এসেছে যে, ‘সময়াভাবে অনেকে কুরআন অধ্যয়ন করতে পারেন না।’ এমন মনোভাবকে বৈষয়িকতার চরম পরাকাষ্ঠা বলে বিবেচনা করা যায়। দুনিয়া ও আখিরাতের প্রতি যথাযথ গুরুত্ব প্রদান করে ভারসাম্যপূর্ণ জীবন গঠনে মুসলিমদের উদ্বুদ্ধ করা। এ ব্যাপারে ইমাম, খতিব, আলিম ও ওয়ায়েজদের এগিয়ে আসা উচিত।

# شكرا لك

কুরআন চর্চা কেন্দ্র